

২১ ফেব্রুয়ারি মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে কেন্দ্রীয় শহীদ মিনারে
শ্রদ্ধাঞ্জলি নিবেদন



‘মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস ২০২২’ উপলক্ষে ২১ ফেব্রুয়ারি-২০২২, সোমবার সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মো. ইমদাদুল হক-এর পক্ষে কোষাধ্যক্ষ অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ পুষ্পস্তবক অর্পণ করে শহীদদের প্রতি শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এরপর জগন্নাথ বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি-এর পক্ষে সভাপতি অধ্যাপক ড. মো: আবুল হোসেন ও সাধারণ সম্পাদক অধ্যাপক ড. আবুল কালাম মো: লুৎফর রহমান শ্রদ্ধাঞ্জলি নিবেদন করেন।

এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, হলের প্রভোস্ট, প্রক্টর, পরিচালক, সহকারী প্রক্টর, ছাত্র-ছাত্রী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে বীর শহীদদের স্মরণে নিরবতা পালন করা হয়।

এদিকে, ক্যাম্পাসে দিনব্যাপী ভাষা শহীদদের স্মরণে দেশাত্মবোধক গান পরিবেশিত হয়।